

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২১৭

আগরতলা, ৩০ এপ্রিল, ২০২৪

ত্রিপুরা রাজ্যের উন্নয়নে ওএনজিসি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে : রাজ্যপাল



রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু আজ আগরতলাস্থিত ওএনজিসি ত্রিপুরা অ্যাসেটের প্রধান কার্যালয়, কমলাসাগরের দেবীপুরে ওএনজিসি'র রিগ এবং কোনাবন জিসিএস পরিদর্শন করেন। ওএনজিসি ত্রিপুরা অ্যাসেট-র প্রধান কার্যালয়ে পৌঁছালে রাজ্যপালকে গার্ড অব অনার দেওয়া হয়। রাজ্যপাল ওএনজিসি ত্রিপুরা অ্যাসেটের প্রধান কার্যালয় প্রাঙ্গণে শহীদ বেদিতে পুষ্পার্ঘ অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন। এরপর রাজ্যপাল কনফারেন্স হলে ওএনজিসি'র প্রকৌশলীদের সাথে এক বৈঠকে মিলিত হন। বৈঠকে রাজ্যপালকে স্বাগত জানান ওএনজিসি ত্রিপুরা অ্যাসেট ম্যানেজার কৃষ্ণ কুমার, চিফ জেনারেল ম্যানেজার এম এস বি এ খান। বৈঠকে ওএনজিসি'র বিভিন্ন কর্মসূচির উপর একটি ভিডিও প্রদর্শন করা হয়। বৈঠকে রাজ্যপাল বলেন, ত্রিপুরা রাজ্যের উন্নয়নে ওএনজিসি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এজন্য তিনি ওএনজিসি ত্রিপুরা অ্যাসেটের প্রকৌশলীদের অভিনন্দন জানান।

এরপর রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু কমলাসাগরের দেবীপুরে এনজি-২০০০-২ রিগ পরিদর্শন করেন। সেখানে রিগ ম্যানেজার এস এস পুরোহিত গ্যাস উত্তোলন ও রিগের কাজকর্মের বিষয়ে রাজ্যপালকে অবহিত করেন। দেবীপুরের পর রাজ্যপাল ওএনজিসি'র কোনাবন জিসিএস পরিদর্শন করেন। কোনাবন জিসিএস'র কনফারেন্স হলে আয়োজিত এক বৈঠকে প্রকৌশলীগণ এই কেন্দ্রটির কাজকর্ম সম্পর্কে রাজ্যপালকে অবহিত করেন। পরিদর্শনের সময় ওএনজিসি ত্রিপুরা অ্যাসেটের ম্যানেজার কৃষ্ণ কুমার সহ পদস্থ প্রকৌশলীগণ উপস্থিত ছিলেন। রাজভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে।
